

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৫.২৩.৪১৭

তারিখ: ১০ চৈত্র ১৪৩২
২৪ মার্চ ২০২৬

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরে এডিপি সাধারণ ও বিশেষ বরাদ্দের আওতায় ৩৭১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১০৯টি প্রকল্প এবং ২০২৪-২৫ অর্থবছরে এডিপি সাধারণ ও বিশেষ বরাদ্দের আওতায় ৬৩৯.৭৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০৭টি প্রকল্প অনুমোদন।

সূত্র: স্মারক নং-৪৬.৪২.১২০০.০০১.৩২.০৬৭.১৯.৩৩, তারিখ: ০৯ ফেব্রুয়ারি, ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরে এডিপি সাধারণ ও বিশেষ বরাদ্দের আওতায় ৬৩৯.৭৫ লক্ষ (ছয় কোটি উনচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০৭টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক ১, ২, ৩ ও ৪-এ বর্ণিত ৬০১.৮ লক্ষ (ছয় কোটি এক লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০৪টি প্রকল্প পরিবর্তনপূর্বক বিধিবিধান মোতাবেক জনকল্যাণমূলক নতুন প্রকল্প গ্রহণের জন্য বলা হলো। উক্ত প্রকল্প ৪টি ব্যতীত অবশিষ্ট (৭-৪) = ৩টি প্রকল্প (৬৩৯.৭৫ - ৬০১.৮) = ৩৮৭.৯৫ লক্ষ (সাঁইত্রিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

০২। উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরে এডিপি সাধারণ ও বিশেষ বরাদ্দের আওতায় ৩৭১.০০ লক্ষ (তিন কোটি একাত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১০৯টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক ৩৩ ও ৬৮-এ বর্ণিত ১২.০০ লক্ষ (বারো লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে দুইটি প্রকল্প ত্রুটিপূর্ণ হওয়ায় তা পরিবর্তনের জন্য বলা হলো। উক্ত প্রকল্প দুইটি ব্যতীত অবশিষ্ট (১০৯-২) = ১০৭টি প্রকল্প (৩৭১.০০ - ১২.০০) = ৩৫৯.০০ লক্ষ (তিন কোটি উনষাট লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রয়োজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খান্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।


স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৫.২৩.৪১৭/১(৬)

তারিখ: ১০ চৈত্র ১৪৩২
২৪ মার্চ ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব